

সমকাল

জেএসসি পরীক্ষা

২২ দিন বন্ধ থাকবে কোচিং সেন্টার

১০ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

চলতি বছরের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা উপলক্ষে আগামী ২৫ অক্টোবর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত টানা ২২ দিন দেশের সব কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। এ নির্দেশ দেওয়া হয়েছে শিক্ষা মন্ত্রণালয় থেকে।

গতকাল রোববার জেএসসি-জেডিসি পরীক্ষা সূর্যুভাবে আয়োজনে জাতীয় নিরাপত্তা-সংক্রান্ত কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয় এ সভা। সভায় সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

সভা সূত্রে জানা গেছে, জেএসসি-জেডিসি আগামী ২ নভেম্বর শুরু হয়ে ১১ নভেম্বর পর্যন্ত চলবে।

শিক্ষামন্ত্রী বলেন, 'কোচিংয়ের বিষয়ে আমাদের কঠোর হতে হবে। অতীতে দেখা গেছে, কেউ কেউ বাইরে তালা লাগিয়ে ভেতরে কোচিং করান। আইন-শৃঙ্খলা বাহিনীকে এ বিষয়ে মনিটরিং বাড়ানোর তাগিদ দেওয়া হয়েছে।'

সভা শেষে সাংবাদিকদের শিক্ষামন্ত্রী জানান, জেএসসি ও জেডিসি পরীক্ষা কেন্দ্র করে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্নফাঁস বা কোনো প্রতারণা করলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে তার বিরুদ্ধে। এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে যেন কেউ প্রশ্নফাঁস বা প্রতারণা না করতে পারে সে ব্যাপারে গোয়েন্দা সংস্থার তীক্ষ্ণ নজরদারি রয়েছে।'

শিক্ষামন্ত্রী বলেন, 'জেএসসি পরীক্ষা উপলক্ষে ২৫ অক্টোবর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত সব কোচিং সেন্টার বন্ধ থাকবে। প্রশ্নফাঁসমুক্ত পরীক্ষার স্বার্থে এটির বিকল্প এখনও আমরা বের করতে পারিনি।'

ডা. দীপু মনি বলেন, 'অভিভাবকদের আহ্বান জানাব, তারা যেন কোনো অনৈতিক প্রক্রিয়ায় কোনোভাবেই যুক্ত না হন, প্রশ্ন ফাঁসের সঙ্গে নিজেদের না জড়ান। কারণ তাদের সন্তানদের ভবিষ্যৎ কিন্তু এর ওপরে নির্ভর করে।'

সভায় উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মো. সোহরাব হোসাইন, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মুন্সি শাহাব উদ্দিন, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মু. জিয়াউল হক, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তারা।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:
ad.samakalonline@outlook.com